তারিখ ... 10 JAN 2010 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

সংবাদ

# যৌন নিপীড়নের অভিযোগে ঢাবি শিক্ষককে অব্যাহতি

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

যৌন নিপীড়নের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক গিয়াসউদ্দিন মোল্লাকে বিভাগের সকল কর্মকাণ্ড থেকে সাময়িকভাবে অব্যাহতি দিয়েছে বিভাগীয় একাডেমিক কমিটি। গতকাল শনিবার একাডেমিক কমিটির এক সভায় এ সিদ্ধান্ত হয়েছে।

বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মিসেস শওকত আরা হোসেন সাংবাদিকদের জানান, অধ্যাপক গিয়াসউদ্দিন মোল্লার বিরুদ্ধে অব্যাহতি : পৃষ্ঠা : ২ ক :

## অব্যাহতি : শিক্ষককে

(১ম পৃষ্ঠার পর)

একজন ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ ওঠায় ঘটনার সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় সব কর্মকাণ্ড থেকে বিরত থাকতে বলা হয়েছে।

একাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আমরা বিশ্ববিদ্যালয়কে বিষয়টি সত্যতা যাচাইয়ের জন্যও চিঠি দিয়েছি। তিনি দোষী বা নির্দোষ প্রমাণিত হওয়ার পূর্ব পর্যন্ত এ সিদ্ধান্ত বলবত থাকবে। তবে একাডেমিক কমিটির এ সভায় অধ্যাপক গিয়াসউদ্দিন মোল্লা উপস্থিত ছিলেন না। ছোট ভাই সালাহউদ্দিনের মৃত্যুর পর তিনি সকালে সোনারগাঁ চলে যান।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, 'যৌন হয়রানি তদন্তে বিশ্ববিদ্যালয়ের একটি স্থায়ী তথ্যানুসন্ধান কমিটি রয়েছে। তারা এ বিষয়টি তদন্ত করবে।'

বিভাগের মাস্টার্সের এক ছাত্রীর অভিযোগের প্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানান বিভাগীয় চেয়ারম্যান।